

সমকাল

ব্যাচেলর অব আর্কিটেকচার

১০ ঘণ্টা আগে

ফারজানা আক্তার

বাংলাদেশের বহু আর্কিটেকচারাল কনসালট্যান্সি ফার্ম রয়েছে, যাতে কাজ করার মতো বিষয়ভিত্তিক পর্যাপ্ত লোকবলের অভাব রয়েছে। ইউরোপসহ এশিয়ার কয়েকটি দেশ নিজ নিজ দেশের চাহিদা পূরণকল্পে ইতিমধ্যেই এ ক্ষেত্রটির বিশেষজ্ঞ তৈরির লক্ষ্যে আর্কিটেকচার বিষয়টির ওপর উচ্চশিক্ষা কার্যক্রম শুরু করেছে। অপার সম্ভাবনার কথা মাথায় রেখে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ব্যাচেলর অব আর্কিটেকচার বিষয়টির ওপর উচ্চশিক্ষা কার্যক্রম চালু করেছে। আর্কিটেকচার খাতকে প্রাতিষ্ঠানিক, তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞানধারী উচ্চমানের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী মেধা সরবরাহের গুরুদায়িত্ব কাঁধে নিয়ে এগিয়ে আসার এ কাজটি সফলতার সঙ্গে শুরু করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)।

স্প্রিং সেমিস্টার ২০১৪ থেকে আর্কিটেকচারের ওপর পাঁচ বছর মেয়াদি শিক্ষা ব্যবস্থার আওতায় ব্যাচেলর অব আর্কিটেকচার ডিগ্রি কার্যক্রম চালু করেছে। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ব্যাচেলর অব আর্কিটেকচার বিষয়টি অন্তর্ভুক্তি প্রসঙ্গে ডিআইইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান বলেন, 'ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে তাল মিলিয়ে বাড়ছে আর্কিটেকচারাল কোম্পানির সংখ্যা। এ সেক্টরটিতে বিষয়ভিত্তিক জ্ঞানধারী লোকবলের ব্যাপক চাহিদা সত্ত্বেও জোগান নেই। এটা আর্কিটেকচার খাতের বিজ্ঞানসম্মতভাবে এগিয়ে যাওয়ার অন্তরায়। দেশের বৃহত্তর জনগোষ্ঠীর স্বার্থে বিষয়ভিত্তিক লোকবল সরবরাহের ব্রত নিয়ে ডিআইইউতে আর্কিটেকচারে পড়াশোনা করে উজ্জ্বল ক্যারিয়ার তৈরির সুযোগ রয়েছে। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শুরু হওয়া পাঁচ বছর মেয়াদি ১৯৪ ক্রেডিটের ব্যাচেলর অব আর্কিটেকচার বিষয়ে থাকছে, ডিজাইন স্টুডিও, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ম্যাথমেটিক্স ফর আর্কিটেক্ট, ইংলিশ ল্যাঙ্গুয়েজ স্কিল ডেভেলপমেন্ট, ডকুমেন্টেশন, গ্রাফিক্স অ্যান্ড ফ্রি হ্যান্ড ড্রইং, বিল্ডিং ফিজিক্স, ডিজাইন থিওরি, ইকোলজি, আর্ট অ্যাপ্রিসিয়েশন, মিউজিক অ্যাপ্রিসিয়েশন, ডিজাইন অ্যাপ্রিসিয়েশন, ডিজিটাল কমিউনিকেশন স্কিল, আর্কিটেকচার অব এনসিয়েন্ট সিভিলাইজেশন, বিল্ডিং অ্যান্ড ফিনিশ মেটারিয়ালস, ফিজিওলজি, লজিক, আরগোনমিক্স অ্যান্ড অ্যাবস্ট্রাক্ট ফর্ম, ফটোগ্রাফি অ্যান্ড গ্রাফিক্স রি-প্রডাকশন, কনস্ট্রাকশন ডিটেইলস, ক্লাইমেট রেস্পনসিভ আর্কিটেকচার, অ্যাসথেটিক্স, সার্ভে মেথডস, ইন্টেরিয়র ডিজাইন, ফটোগ্রাফি, কনস্ট্রাকশন মেটারিয়ালস অ্যান্ড সিস্টেমসসহ মোট ৫৮টি বিষয়। এই বিভাগে ভর্তি হওয়ার জন্য একজন শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসিতে

কমপক্ষে সিজিপিএ-৩ অথবা দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং অবশ্যই বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হতে হবে। গরিব ও মেধাবী শিক্ষার্থীদের ক্ষেত্রেও ডিআইইউ বিশেষ ছাড় দিয়ে থাকে। ডিপার্টমেন্ট অব আর্কিটেকচারে প্রতি বছর দুটি সেমিস্টারে (স্প্রিং ও ফল) ভর্তি নেওয়া হয়। ভর্তির যাবতীয় তথ্য পেতে যোগাযোগ- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ১০২, শুক্রাবাদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা।

ফোন : ৯১৩৮২৩৪-৫, ০১৭১৩৪৯৩০৫০-১, ০১৮৪৭১৪০০৪৫।

ি. িফধভভডুফরমাধৎংরঃু. বফঁ.নফ

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com